কালের কণ্ঠ

তারিখ 20 SEP 2013
পৃষ্ঠা ২ কলাম ৩

সংসদে শিক্ষামন্ত্রী

# কওমি মাদ্রাসাকে নিয়মের আওতায় আনা হবে

নিজস্ব প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সারা দেশে কওমি মাদ্রাসাগুলো সরকারি কোনো নীতিমালার আওতাভুক্ত না হওয়ায় সরকারি কোনো সুযোগ-সুবিধা বা এমপিও পায় না। বর্তমানে কওমি মাদ্রাসাগুলো তাদের নিজস্ব নীতিমালা মোতাবেক পরিচালিত হচ্ছে। সরকার এ মাদ্রাসাগুলোকে একটা নিয়মের মধ্যে আনতে চায়।

গতকাল বৃহস্পতিবার সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে বিরোধী দলের সংরক্ষিত মহিলা সংসদ সদস্য নিলুফার চৌধুরী মনির লিখিত এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান। এদিকে মাদক নিয়ন্ত্রণে প্রতিটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ক্লোজড সার্কিট (সিসি) ক্যামেরা স্থাপনের নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বিকেল ৫টার পর শুরু হওয়া অধিবেশনে প্রথমেই প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী কওমি মাদ্রাসাকে নিয়মের মধ্যে আনার বিষয়টি উল্লেখ করে আরো বলেন, সেই লক্ষ্যে ইতিমধ্যে জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুসারে কওমি মাদ্রাসার শিক্ষা ও ব্যবস্থাপনা, শিক্ষাদানের বিষয় এবং কওমি মাদ্রাসা শিক্ষা সনদের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের জন্য বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা কমিশন নামে একটি শিক্ষা কমিশন গঠন করা হয়েছে।

তহুরা আলীর পৃথক এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, সামগ্রিক শিক্ষায় গতিশীলতা আনতে শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল বাস্তবায়নের বিষয়টি সরকারের বিবেচনায় রয়েছে।

শাহিদা তারেক দীপ্তির এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুযায়ী প্রাথমিকভাবে সাত বছরের মধ্যে স্থায়ী ক্যাম্পাস নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। এ ক্ষেত্রে ব্যর্থ হলে তাদের সাময়িক অনুমতি বাতিল করা হবে। তবে আরো পাঁচ বছর নবায়নের সুযোগ রাখা হয়েছে।

অপু উকিলের অন্য এক প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেন, সরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে ৬০ শতাংশ মহিলা, ২০ শতাংশ পোষ্য ও ২০ শতাংশ পুরুষ শিক্ষক নিয়োগের বিধান রয়েছে। এর সঙ্গে বর্তমানে প্রচলিত মুক্তিযোদ্ধা, আনসার ও ভিডিপি সদস্য, এতিম, শারীরিক প্রতিবন্ধী ও উপজাতি কোটা বিদ্যমান রয়েছে। তবে নতুন নিয়োগ বিধিমালা ২০১৩ অনুযায়ী মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এইচএসসি দ্বিতীয় বিভাগ/সমমান এবং পুরুষ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক দ্বিতীয় বিভাগ/সমমান করা হয়েছে।

## বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বসবে সিসি ক্যামেরা

**বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বসবে সিসি ক্যামেরা :** মাদক নিয়ন্ত্রণে প্রতিটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ক্লোজড সার্কিট (সিসি) ক্যামেরা স্থাপনের নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। তারকা চিহ্নিত এক প্রশ্নে বিএনপির এ বি এম আশরাফ উদ্দিনের এক প্রশ্নের জবাবে নুরুল ইসলাম নাহিদ বলেন, প্রতিটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণের জন্য ক্যাম্পাসে সিসি ক্যামেরা স্থাপনের নির্দেশনার পাশাপাশি মাদক নিয়ন্ত্রণ কমিটি গঠন করতে বলা হয়েছে। এ কমিটি শিক্ষার্থীদের কাউন্সেলিংয়ের মাধ্যমে মাদক থেকে দূরে সরিয়ে আনার চেষ্টা করবে।